## ষষ্ঠ অধ্যায়

# মূলধন ব্যয়

## গুরুত্বপূর্ণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **বিনিয়োগকারীদের প্রত্যাশিত আয়কে ব্যবসায়ে কী বলা হয়?**
● মূলধন ব্যয় ⓖ মুনাফার হার
ⓖ বিনিয়োগের সুদ ⓖ তহবিলের উৎস

২. **নিচের কোনটি দীর্ঘমেয়াদি তহবিলের অন্যতম উৎস?**
ⓚ বাণিজ্যিক ব্যাংক ⓖ অর্জিত লভ্যাংশ
ⓖ ব্যবসায়িক ঋণ ● সংরক্ষিত তহবিল

৩. **ঋণ মূলধন ব্যয়ের পরোক্ষ সুবিধা কোনটি?**
ⓚ মুনাফা বৃদ্ধি ⓖ সুদ হ্রাস
● কর হ্রাস ⓖ তহবিল বৃদ্ধি

৪. **মূলধন মিশ্রণ নির্বাচনে গুরুত্ব দেওয়া হয়–**
i. সর্বোচ্চ ঋণের সুবিধা
ii. কাম্য ঋণনীতি
iii. সর্বনিম্ন মূলধন ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ● ii ও iii ⓖ i, ii ও iii

৫. **নান্নু মিয়া ১২% সুদে ২ লক্ষ টাকা ঋণ নিয়ে ফার্মেসী ব্যবসায় শুরু করে। কর হার ১২% হলে তার কর সমন্বয়কৃত ঋণ মূলধন খরচ কত?**
● ১০.৫৬% ⓖ ১২%
ⓖ ১৩.৪৪% ⓖ ২৪%

৬. **শবনম লিঃ প্রতিটি ৫,০০০ টাকা মূল্যের ৯% অগ্রাধিকার শেয়ার ১০% কম মূল্যে বিক্রয় করে মূলধন সংগ্রহ করে। শবনম লিঃ–এর মূলধন ব্যয় কত?**
ⓚ ৯% ● ১০%
ⓖ ১১.১১% ⓖ ১৯%

নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :

WWW.DIGITALSTUDYROOM.COM

জনাব টুটুলের ব্যবসায়ের মোট মূলধন ১ কোটি টাকা যার ৬০% নিজস্ব এবং অবশিষ্টাংশ ১৫% ঋণ। তিনি ২০% মুনাফায় বিনিয়োগ সুবিধা পেয়ে মূলধন কাঠামো পরিবর্তন করেন। ফলে ঋণ ও নিজস্ব তহবিলের বিপরীত সম্পর্ক সৃষ্টি হয়?

৭. **বর্তমানে টুটুলের ব্যবসায়ের ঋণ মূলধন কত?**

ⓚ ২০ লক্ষ ⓚ্হ ৪০ লক্ষ

● ৬০ লক্ষ ⓖ ৭৫ লক্ষ

৮. **মূলধন কাঠামো পরিবর্তনে জনাব টুটুল বিবেচনা করেছেন–**

i. তহবিলের সুযোগ ব্যয়

ii. গড় মূলধন ব্যয়

iii. সর্বনিম্ন মূলধন ব্যয়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ্হ i ও iii

● ii ও iii ⓖ i, ii ও iii

৯. **মূলধন ব্যয় কী?** (জ্ঞান)

ⓚ সংগৃহীত তহবিলে জমা

ⓚ্হ সংগৃহীত তহবিল হতে আয়

● সংগৃহীত তহবিলের ব্যয়

ⓖ সংগৃহীত তহবিলের ব্যয়ের হিসাব নির্ধারণ

১০. **বিভিন্ন উৎস থেকে সংগৃহীত তহবিলের ব্যয়কে কী বলে?** (জ্ঞান)

ⓚ চলতি ব্যয় ⓚ্হ স্থায়ী ব্যয় ● মূলধন ব্যয় ⓖ উৎপাদন ব্যয়

১১. **তহবিলের যোগানদাতাদের প্রত্যাশিত আয় প্রতিষ্ঠানের নিকট কী হিসেবে বিবেচিত?** (জ্ঞান)

ⓚ মূলধন আয় ● মূলধন ব্যয়

ⓖ স্থায়ী ব্যয় ⓖ প্রদেয় লভ্যাংশ

১২. **ব্যবসায়ে প্রতিষ্ঠানের জন্য মূলধন ব্যয় হিসেবে গণ্য হয় কোনটি?** (জ্ঞান)

ⓚ মুনাফা থেকে প্রাপ্ত হয়

● মূলধন সরবরাহকারীদের প্রত্যাশিত আয়

ⓖ নিজস্ব তহবিল থেকে প্রাপ্ত আয়

ⓖ স্থায়ী সম্পত্তির বিক্রয় হতে আয়

১৩. **প্রতিটি তহবিলের উৎসের মূলধন ব্যয় পৃথকভাবে নির্ণয়ের প্রয়োজন হয় কেন?** (উচ্চতর দক্ষতা)

● উৎসসমূহের মূলধন ব্যয় সমান না হওয়ায়

ⓚ্হ বিনিয়োগের বিশাল আকার হওয়ায়

ⓖ ব্যবসায়ের পণ্য উৎপাদন ক্ষমতা সম্প্রসারণ না হওয়ায়

ⓘ নগদ প্রবাহ সমমূল্যের বিবেচিত হওয়ায়

১৪. **তহবিল সরবরাহকারীর নিকট যেটি আয়, তহবিল সংগ্রহকারীর নিকট সেটি কী হিসেবে বিবেচিত?** (জ্ঞান)

ⓚ মূলধনী আয় ● মূলধন খরচ

ⓖ মুনাফা ⓘ রাজস্ব ব্যয়

১৫. **বিনিয়োগকারীদের প্রত্যাশিত আয় ব্যবসায় প্রতিষ্ঠানে কোনটি হিসেবে গণ্য হয়?** (অনুধাবন)

● মূলধন খরচ ⓚ প্রত্যক্ষ খরচ

ⓖ পরোক্ষ খরচ ⓘ প্রশাসনিক খরচ

১৬. **সাগর মোটর সাইকেল কেনার জন্য ১৫% হারে ঋণ নিল। এক্ষেত্রে তার মূলধন খরচ কত হবে?** (প্রয়োগ)

ⓚ ১০% ● ১৫%।

ⓖ ২০% ⓘ ২৫%

১৭. **কোন ধরনের প্রতিষ্ঠানসমূহ এক বা একাধিক উৎস থেকে বিনিয়োগের জন্য প্রয়োজনীয় তহবিল সংস্থান করে?** (জ্ঞান)

ⓚ অতি ক্ষুদ্র প্রতিষ্ঠান ⓚ ক্ষুদ্র প্রতিষ্ঠান

ⓖ মাঝারি প্রতিষ্ঠান ● বড় প্রতিষ্ঠান

১৮. **অর্থায়নের বিভিন্ন উৎসের জন্য প্রত্যাশিত আয়ের হারকে কী বলা হয়?** (জ্ঞান)

ⓚ মূলধন বাজেটিং ⓚ মূলধন কাঠামো

ⓖ উপরিব্যয় ● মূলধন ব্যয়

১৯. **কোনো কোম্পানির মূলধন তহবিলের উৎস যদি দুটি হয়, তবে তার মূলধন খরচ কীভাবে নির্ণয় করতে হয়?** (উচ্চতর দক্ষতা)

ⓚ দুটি মূলধন উৎসের খরচের যোগফল দ্বারা

ⓚ দুটি মূলধন উৎসের খরচের বিয়োগফল দ্বারা

ⓖ দুটি মূলধন উৎসের খরচের গুণফল দ্বারা

● দুটি মূলধন উৎসের খরচের গড় দ্বারা

২০. **বড় প্রতিষ্ঠানগুলো তাদের প্রয়োজনীয় তহবিল একাধিক উৎস থেকে সংস্থান করে। সেক্ষেত্রে প্রতিষ্ঠানের মূলধন খরচ হিসেবে কীভাবে বিবেচিত হবে?**(উচ্চতর দক্ষতা)

ⓚ সর্বনিম্ন উৎসের মূলধন খরচের হার হিসেবে

ⓚ সর্বোচ্চ উৎসের মূলধন খরচের হার হিসেবে

ⓖ সর্বনিম্ন ও সর্বোচ্চ উৎসের মূলধন খরচের গড় হার হিসেবে

● সবগুলো উৎসের মূলধন খরচের গড় হার হিসেবে

২১. **অর্থ সরবরাহকারীদের প্রত্যাশিত আয়ের ভিন্নতার কারণে কোনটির ভিন্নতা দেখা দেয়?** (অনুধাবন)

ⓚ মূলধন নীতি ● মূলধন ব্যয়ের হার

ⓖ শেয়ার গ্রাহক সংখ্যা ⓖⓗ মার্কেটিং পলিসি

২২. **একটি কোম্পানির শেয়ার বিক্রি উৎসের মূলধন খরচ ১৮% এবং ব্যাংক ঋণ উৎসের মূলধন খরচ ১২% হলে, কোম্পানির গড় মূলধন খরচ কত?** (প্রয়োগ)

ⓚ ৩০% ⓚⓗ ৬% ● ১৫% ⓖⓗ ১২%

২৩. **আলম কোল্ড ড্রিংকস লিমিটেড এর শেয়ার মূলধন ১০ লক্ষ টাকা এবং শেয়ারমালিকরা তাদের বিনিয়োগ থেকে ২০% আয় প্রত্যাশা করে। কোম্পানিটির মূলধন ব্যয় কত?** (প্রয়োগ)

ⓚ ১০% ● ২০% ⓖ ১৮.৫৬% ⓖⓗ ১৫.৫%

২৪. **কোনো কোম্পানির মূলধন খরচ যদি ২০% হয়, তবে প্রতিষ্ঠানটিকে তার বিনিয়োগ হতে ন্যূনতম আয় কত অর্জন করতে হবে?** (প্রয়োগ)

ⓚ ১০% ● ২০% ⓖ ৩০% ⓖⓗ ৪০%

২৫. **বিভিন্ন উৎস হতে সংগৃহীত মূলধনের মালিকদের প্রত্যাশিত আয় মেটাতে প্রতিষ্ঠানকে তার বিনিয়োগের ওপর সর্বনিম্ন হারে আয় প্রয়োজন, সে হারকে কী বলা হয়?** (অনুধাবন)

ⓚ মূলধন ⓚⓗ মূলধন আয় ● মূলধন খরচ ⓖⓗ মূলধন মজুদ

২৬. **বৃহৎ ব্যবসায় প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনীয় অর্থের সংস্থান করে থাকে–** (অনুধাবন)

i. বন্ড বিক্রির মাধ্যমে ii. ঋণপত্র বিক্রির মাধ্যমে

iii. ডিমান্ড ড্রাফট বিক্রির মাধ্যমে

নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓚⓗ i ও iii ⓖ ii ও iii ⓖⓗ i, ii ও iii

২৭. **মূলধন ব্যয় ধারণাটির সাথে জড়িত–(অনুধাবন)**

i. অর্থায়নের বিভিন্ন উৎসের ব্যয় ii. অর্জিত নিট মুনাফা

iii. বিনিয়োগকৃত লভ্যাংশ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖⓗ i, ii ও iii

২৮. **ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নিয়ে মূলধনের সংস্থান করলে মূলধন ব্যয় নির্ণয় সহজ হয়। কারণ এক্ষেত্রে ব্যবসায় প্রতিষ্ঠানের মূলধন ব্যয় হবে–** (উচ্চতর দক্ষতা)

i. ব্যাংক কর্তৃক ধার্যকৃত সুদের হার

ii. বাংলাদেশ ব্যাংক কর্তৃক ধার্যকৃত সুদের হার

iii. আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ধার্যকৃত সুদের হার

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖⓗ i, ii ও iii

২৯. **ব্যবসায় প্রতিষ্ঠান বিভিন্ন ধরনের মুলধন ব্যয় নিরূপণ করে। কারণ–** (অনুধাবন)

i. প্রতিষ্ঠান বিভিন্ন উৎস হতে অর্থায়ন করে

ii. বিভিন্ন উৎসের মূলধন ব্যয় সমান

iii. বিভিন্ন উৎসের মূলধন ব্যয় ভিন্ন হয়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖⓗ i, ii ও iii

৩০. **প্রতিটি প্রতিষ্ঠানে কোন ধরনের নীতি থাকে?** (জ্ঞান)

ⓚ শেয়ার নীতি ⓚⓗ বণ্টননীতি ⓖ ঋণপত্র নীতি ● কাম্য ঋণনীতি

৩১. **কোনো প্রতিষ্ঠানের মোট মূলধনের কত অংশ ঋণকৃত হওয়া লাভজনক তা নির্ণয় নীতিকে কী বলে?** (জ্ঞান)

● কাম্য ঋণনীতি ⓚⓗ খোলাবাজার নীতি

ⓖ মোট জমার হার নীতি ⓖⓗ মূলধন নীতি

৩২. **সাইফুল ইসলামের আর্থিক তথ্যগুলো লক্ষ কর :** (প্রয়োগ)

শেয়ার মূলধন ৫,০০,০০০ টাকা

সোনালী ব্যাংক হতে ঋণ ৪,০০,০০০ টাকা

আত্মীয়স্বজন হতে ধার ৫০,০০০ টাকা

তার মোট মূলধন নির্ণয় কত?

ⓚ ৪,০০,০০০ টাকা ⓚⓗ ৫,০০,০০০ টাকা

● ৯,০০,০০০ টাকা ⓖⓗ ৯,৫০,০০০ টাকা

৩৩. **বিনিয়োগের ওপর সর্বনিম্ন যে হারে আয় হওয়া প্রয়োজন তাকে কী বলে?** (অনুধাবন)

● মূলধন খরচ ⓚⓗ মুনাফা খরচ ⓖ মূলধন আয় ⓖⓗ মুনাফা আয়

৩৪. **প্রতিষ্ঠানের বিনিয়োগ সিদ্ধান্ত সঠিক হওয়ার জন্য কোনটি আবশ্যক?** (উচ্চতর দক্ষতা)

ⓚ প্রতিষ্ঠানের সঠিক আর্থিক ব্যবস্থাপনা

ⓚⓗ প্রতিষ্ঠানের সঠিক বিনিয়োগ ব্যবস্থাপনা

● প্রতিষ্ঠানের মূলধনী খরচ সঠিকভাবে নির্ণয় করা

ⓖⓗ প্রতিষ্ঠানের মূলধনী আয় সঠিকভাবে নির্ণয় করা

৩৫. **মুমেন লিমিটেড একটি প্রকল্পে বিনিয়োগের জন্য মোট মূলধনের ৫৫% ইক্যুইটি এবং ৪৫% ঋণ থেকে সংগ্রহ করে। এ অনুপাতের প্রেক্ষিতে মুমেন লিমিটেড কোনটি নির্ণয় করবে?** (প্রয়োগ)

ⓚ সাধারণ শেয়ার মূলধন খরচ ⓚⓗ বিনিয়োগ সিদ্ধান্ত খরচ

● মূলধন কাঠামো খরচ ⓖⓗ মূলধন বাজেটিং খরচ

৩৬. **দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সঠিক অর্থায়ন উৎস কোনটি?** (জ্ঞান)

ⓚ স্বল্পমেয়াদি তহবিল ● দীর্ঘমেয়াদি তহবিল

ⓖ মধ্যমেয়াদি তহবিলⓖ ৩ বছর মেয়াদি তহবিল